

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯১]

৮. কিতাবুস্ সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَابُ الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

## আরবী

الله عَلَى: وَكَانَ النَّبِيُّ يَنْزِلُ بِذِي طُوًى وَيَبِيتُ حَتَّى يُصْبِحَ، يُصلِّي الصُّبْحَ حِينَ يَقْدُمُ مَكَّةَ، وَمُصلَّى رَسُولِ اللَّهِ ذَلِكَ عَلَى أَكَمَةٍ غَلِيظَةٍ، لَيْسَ فِي الْمَسْجِدِ الَّذِي بُنِيَ ثمَّ، وَلَكِنْ أَسْفَلَ مِنْ ذَلِكَ عَلَى أَكَمَةٍ غَلِيظَةٍ.

## বাংলা

৩০৬) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা যাওয়ার পথে যু-তোয়া নামক স্থানে অবতরণ করে সেখানে রাত্রি যাপন করতেন এবং ভোর হলে সেখানেই ফজরের নামায পড়তেন। তাঁর নামায পড়ার স্থানটি একটি বড় টিলার উপর অবস্থিত। পরবর্তীতে সেখানে যে মসজিদটি বানানো হয়েছে তার ভিতরে নয়; বরং মসজিদের নিম্ন দিকে অবস্থিত একটি বড় টিলার উপরে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন